Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 19 April, 2025

চুয়াডাঙ্গার মুন্সিপুর  সীমান্তে অভিযান চালিয়ে ১২ কেজি ভারতীয় রূপার তৈরী গহনা জব্দ করেছে বিজিবি।

আজ শুক্রবার (১৮ এপ্রিল) সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে মুন্সিপুর সীমান্তে অভিযান চালায় বিজিবির সদস্যরা।এ অভিযানে ১২ কেজি ২০০ গ্রাম ভারতীয় তৈরীকৃত রুপার গহনা জব্দ করে।

বিজিবির চুয়াডাঙ্গা ৬ ব্যাটালিয়নের পরিচালক  লে. কর্নেল নাজমুল হাসান জানান, তিনি গোপনে সংবাদ পায চোরাকারবারীরা ভারত থেকে বাংলাদেশে রুপার গহনা পাচারের চেষ্টা করছে।

এরপর তার দিকনির্দেশনা ও পরিকল্পনায়  সহকারী পরিচালক মোঃ হায়দার আলী ও সুবেদার মোঃ আবুল বাশারের নেতৃত্বে একটি সশস্ত্র টহল দল সীমান্ত মেইন পিলার ৯৩ এর কাছে সরদারপাড়া এলাকায়  অবস্থান নেয়। সন্ধ্যা সাতটার দিকে একজন চোরাকারবারী ভারত থেকে বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করলে বিজিবি টহল দলের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টা করে।ধাওয়া খেয়ে সে একটি প্লাস্টিকের ব্যাগ ফেলে ভারতের দিকে পালিয়ে যায়।

বিজিবি টহল দল ব্যাগটি জব্দ করে। পরবর্তীতে ব্যাগটি তল্লাশি করে স্কচটেপে মোড়ানো ২১টি প্যাকেট উদ্ধার করা হয়। যেখান থেকে ১২ কেজি ২০০ গ্রাম ভারতীয় তৈরীকৃত রুপার

গহনা পাওয়া যায়।জব্দকৃত গহনার আনুমানিক বাজারমূল্য ২৭ লাখ ১৯ হাজার ৪৭০ টাকা। এ ঘটনায় সুবেদার মোঃ আবুল বাশার বাদী হয়ে দামুড়হুদা থানায় একটি সাধারণ ডাইরি দায়ের করেছে। জব্দকৃত রুপার গহনাগুলো চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

চুয়াডাঙ্গা সীমান্ত বিজিবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:58

URL: https://www.timestodaybd.com/across-the-country/6474061022